

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৯৬

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

প্রাকৃতিক গ্যাসের পাইপলাইনে অগ্নিকাণ্ড
নাগিছড়ায় তৃতীয় পর্যায়ের অফসাইট মহড়া



প্রাকৃতিক গ্যাসের পাইপলাইনে অগ্নিকাণ্ড আয়ত্তে আনা ও অগ্নিকাণ্ড প্রতিরোধে কি করা উচিত তা নিয়ে আজ নাগিছড়ায় তৃতীয় পর্যায়ের অফসাইট মহড়া অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই মহড়ায় গেইল, ইন্ডিয়াল অয়েল কর্পোরেশন লিমিটেড, নেপকো, ওএনজিসি, টিএনজিসিএল, টিএসইসিএলের প্রতিনিধিগণ সহ এনডিআরএফ-এর প্রথম ব্যাটেলিয়ন, আসাম রাইফেলস, ফায়ার সার্ভিস, আপদামিত্র ও স্বাস্থ্য দপ্তরের কর্মীগণ অংশ নেন।

মহড়ার শুরুতে গেইলের অধীনস্থ আনন্দনগর থেকে নেপকো গ্যাস পাইপলাইনে আগুন লাগার মহড়াকে কেন্দ্র করে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও সংস্থার ভূমিকা কি হবে তা গ্রামবাসীদের সম্মুখে তুলে ধরা হয়। পরে মহড়াস্থলে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভুলন সাহা, সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস, গেইল আগরতলার জিএম পঙ্কজ বিশ্বাস, ডিজিএম বনানী দেববর্মণ, ডুকলি ব্লকের বিডিও সুশান্ত দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন। মহড়ায় উপস্থিত আধিকারিকগণ গ্রামবাসীদের এই ধরনের ঝুঁকিপূর্ণ অবস্থায় কি ধরনের পদক্ষেপ গ্রহণ করতে হবে তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।
